

## UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2023

## **CC7-BENGALI**

## OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ
  - (ক) 'বীরাঙ্গনা' কাব্যের প্রকাশকাল লেখো। কাব্যটি কোন্ ছন্দে লেখা ? এই ছন্দ মধুসূদন কার দ্বারা অনুপ্রাণিত হয়ে লিখেছিলেন ? কাব্যটি কাকে উৎসর্গ করেন ?
  - (খ) 'সোনার তরী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ? কবিতাটির প্রকাশকাল লেখো। কবিতাটিতে 'সোনার ধান' বলতে কবি কী বুঝিয়েছেন ?
  - (গ) 'বীরাঙ্গনা' কথাটির অর্থ কী ? এই কাব্যে মধুসূদন দত্ত যে বীর নারীদের কথা বলেছেন, তাঁদের নাম লেখো।
  - (ঘ) কামিনী রায়ের 'আলো ও ছায়া' কাব্য কত খ্রীষ্টাব্দে প্রকাশিত হয় ? এই কাব্যের কবিতা সংখ্যা কয়টি ? যে-কোনো দুটি কবিতার নাম লেখো।
  - (৬) 'দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা।' উদ্ধৃতিটি কোন্ কবিতার অংশ ? দু-এক কথায় উদ্ধৃতিটির সারমর্ম আলোচনা করো।
  - (চ) "আমি পরাণের সাথে খেলিব আজিকে মরণখেলা।" উদ্ধৃত অংশটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত এবং কোন কবিতার অংশ ? কবির একথা বলার তাৎপর্য সংক্ষেপে লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ
  - (ক) 'বীরাঙ্গনা' কাব্যের পত্রিকাগুলির শ্রেণীবিভাগ করো। প্রত্যেক শ্রেণীর অন্তর্গত পত্রিকাগুলির নাম লেখো। মধুসূদন প্রথমে কয়টি পত্রিকা রচনার পরিকল্পনা করেন ও শেষ পর্যন্ত কয়টি রচনা করেন ?
  - (খ) 'বীরাঙ্গনা' কাব্যকে পত্রকাব্য বলা যায় কী আলোচনা করো।
  - (গ) 'যেতে নাহি দিব' কবিতাটির অন্তর্নিহিত ভাববস্তু বিশ্লেষণ করো।
  - (ঘ) 'আলো ও ছায়া' কাব্যগ্রন্থের 'সুখ' কবিতাটির ভাববস্তু আলোচনা করো। কবি এখানে 'সুখ' বলতে কোন্ সুখের কথা বলেছেন ?
  - (৬) 'এষা' কাব্যগ্রন্থের 'অশৌচ' পর্বের কবিতায় কবির আত্মহনন চেতনা ও পরলোকবাদের যে প্রভাব দেখা যায় সংক্ষেপে আলোচনা করো।
  - (চ) 'সোনার তরী' কাব্যে যে সীমা-অসীমের তত্ত্ব উঠে এসেছে আলোচনা করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাওঃ

**১**২ × ২ = २ 8

 $\Im \times 8 = \Im 8$ 

- (ক) 'সোমের প্রতি তারা' পত্রে মধুসূদন দত্ত তারা চরিত্রের মধ্য দিয়ে যে নারী মনস্তত্ত্বের চিত্র ফুটিয়ে তুলেছেন, আলোচনা করো।
- (খ) 'সোনার তরী' কাব্যে যে নিসর্গচিত্রের কথা উঠে এসেছে আলোচনা করো।
- (গ) 'আলো ও ছায়া' কাব্যগ্রন্থের কিছু কবিতায় কবি পুরাণের প্রেমকথার নবরূপায়ণ ঘটিয়েছেন। তোমার পাঠ্য কবিতা অবলম্বনে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।
- (ঘ) 'এষা' কাব্যে অক্ষয়কুমার বড়ালের মৃত্যুচেতনার যে পরিচয় পাওয়া যায়, তোমার পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো।

Full Marks: 60

৩×৪ = ১২